দৈনিক বাংলা

তারিখ ১০/২/৮২

001

# স্কুল কলেজ গণশিক্ষা কর্মসূচী না নিলে অনুদান পাবে না

**শাহ আজিজ**

(স্টাফ রিপোর্টার)

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেছেন, কোন স্কুল, কলেজ বা মাদ্রাসা গণশিক্ষা কার্যক্রম গ্রহণ না করলে সরকারী অনুদান পাবে না।

তিনি শনিবার সকালে বাংলাদেশ শিক্ষা সম্প্রসারণ ও গবেষণা ইনস্টিটিউট মিলনায়তনে ১৯৮৫ সালের মধ্যে বাংলাদেশ থেকে নিরক্ষরতা দূরীকরণ' শীর্ষক কর্মশিবিরের উদ্বোধনী ভাষণে একথা বলেন। ছয়-দিনব্যাপী এ কর্মশিবিরের উদ্যোক্তা হচ্ছে প্রাথমিক ও গণশিক্ষা পরিদফতর এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন।

অনুষ্ঠানে বক্তৃতা করেন শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন, প্রাথমিক ও গণশিক্ষা পরিদফতরের মহাপরিচালক জনাব আবদুর রাজ্জাক, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব কাজী ফজলুর রহমান, প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জনাব খলিলুর রহমান।

প্রধানমন্ত্রী বলেন দেশের ৪২ হাজার প্রাথমিক বিদ্যালয় ও এক লক্ষ মসজিদে গণশিক্ষা কেন্দ্র স্থাপন করা যেতে পারে। প্রতিটি স্কুলে গণশিক্ষা কেন্দ্র করা গেলে নিরক্ষরতা দূরীকরণ ত্বরান্বিত হবে। তিনি বলেন গণশিক্ষা কার্যক্রম বাস্তবায়নে সরকারের একক উদ্যোগই যথেষ্ট নয়। দেশকে নিরক্ষরতার অভিশাপমুক্ত করার জন্যে তিনি জনগণের শিক্ষিত

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

**শাহ আজিজ**

(প্রথম পৃঃ পর)

অংশকে এগিয়ে আসার আহ্বান জানান।

দু বছর আগে মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমান সূচিত গণশিক্ষা বিপ্লবের নীতিমালার কথা উল্লেখ করে তিনি বলেন গণশিক্ষার ক্ষেত্রে শিক্ষাপ্রতিষ্ঠানগুলির সাফল্য অনুসারে সরকারী অনুদান দেয়া নির্ভর করবে। এ প্রসঙ্গে তিনি এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের গণশিক্ষা কর্মসূচীতে অংশ গ্রহণের ওপর ৫০ নম্বর ধার্যের কথা উল্লেখ করেন।

শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন বলেন, প্রেসিডেন্ট জিয়ার শাহাদাতবরণের পর গণশিক্ষার ব্যাপারে আমরা পিছিয়ে পড়েছি। যতদিন পর্যন্ত বাংলাদেশের সকল লোককে শিক্ষিত করে তোলা না যাবে ততদিন স্বাধীনতার স্বাদ পাওয়া যাবে না।